

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬২৫

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১১৫. ঋতুবতী নারীর হায়েযের মেয়াদ পূর্ণ হওয়ার পর রক্ত নির্গত হলে।

بَابِ مَا جَاءَ فِي الْمُسْتَحَاضَةِ الَّتِي قَدْ عَدَّتْ أَيَّامَ أَقْرَائِهَا قَبْلَ أَنْ يَسْتَمِرَّ بِهَا الدَّمُ

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَإِسْمَاعِيلُ بْنُ مُوسَى، قَالاَ حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ أَبِي الْيَقْظَانِ، عَنْ عَدِي بْنِ ثَابِت، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنِ النَّبِيّ - صلى الله عليه وسلم - قَالَ " الْمُسْتَحَاضَةُ تَدَعُ الصَّلاَةَ أَيَّامَ أَقْرَائِهَا ثُمَّ تَغْتَسِلُ وَتَتَوَضَّأُ لِكُلِّ صَلاَةٍ وَتَصُومُ وَتُصلِّي "

#### বাংলা

৬/৬২৫। আদী ইবনু সাবিত (রহঃ) থেকে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ইস্তিহাযায় (রক্তপ্রদরে) আক্রান্ত নারী তার হায়িযের মেয়াদকাল সালাত ত্যাগ করবে। এরপর সে গোসল করবে এবং প্রতি ওয়াক্ত সালাতের জন্য উযূ (ওজু/অজু/অযু) করবে এবং সালাত-সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) করবে।

## **English**

It was narrated from 'Adiyy bin Thabit, from his father, from his grandfather, that:

The Prophet said: "The woman who experiences irregular non-menstrual bleeding should leave prayer during the days of her period, then she should take a bath, and perform ablution for each prayer, and she should fast and perform the prayer."

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ১২৬, আবু দাউদ ২৯৭, দারিমী ৭৯৩।



তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবৃ দাউদ ৩১১, ইরওয়াহ ২০৭। উক্ত হাদিসের রাবী আবুল ইয়াকযান সম্পর্কে আহমাদ বিন হাম্বল ও ইমাম বুখারী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ইবনু মাহদী তার হাদিস প্রত্যাখ্যান করেছেন। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ২. সাবিত বিন উবায়দ সম্পর্কে সকল হাদিস বিশারদগণ অজ্ঞাত। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আদী ইবন সাবিত (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন